গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

গবেষণা ও প্রকাশনা শাখা

# নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩ ডিসেম্বর, ২০২১ (বৃহস্পতিবার) |
| সভার সময় | সকাল ১১.১৫ ঘটিকা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক, গবেষণা ও প্রকাশনা), প্রকৌঃ মোঃ আবদুর রশিদ (পরিচালক, প্রশাসন ও অর্থ), জনাব মোহাম্মদ হাসান তারিক (পরিচালক, প্রশিক্ষণ), জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপ-পরিচালক (প্রশাসন) ওসিস্টেম এনালিস্ট (অ.দা.), জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা- ০১) । |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃমঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় –

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | কার্যবিবরণী দৃঢ়ীকরণ | | গত ০৪ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি-এর ১ম সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | |
| ০২ | [১.১] নৈতিকতা কমিটির সভা | এপিএ ২০২১-২২ অনুযায়ী নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে আয়োজন করা যেতে পারে। কমিটির ২য় সভা যথাসময়ে অনুষ্ঠিত হচ্ছে বলে জানানো হয়। | প্রতি কোয়ার্টারের শেষ মাসের ১৫ তারিখে বা নিকটবর্তী সময়ে সভা অনুষ্ঠিত হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা- ১ |
| ০৩ | [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যপারে আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় যে ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার প্রায় ৯০ শতাংশ। | প্রতি কোয়ার্টারে কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | পরিচালক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণেসভা | শুদ্ধাচার ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ২টি সভা আয়োজন করতে হবে। এর ১ম টি গত ৩০/১১/২০২১ তারিখে আয়োজন করা হয়েছিল। | অংশীজনের অংশগ্রহণে ২য় সভা আগামী ১৪/০৩/২০২২ তারিখ বা তার নিকটবর্তী সময়ে মধ্যে আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১ |
| ০৫ | [১.৮] শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | পূর্বেরসহ ২০২০-২১ অর্থবছর পর্যন্ত শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয় এবং সভায় উপ-পরিচালক (প্রশাসন) গত বছরের তালিকা প্রকাশিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ২০২১-২২ অর্থবছরের জন্য যারা শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত হবেন তাদের তালিকা আগামী ৩০.০৬.২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও সহকারী প্রোগ্রামার |
| ০৬ | [২.৪] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প গত ৩০ জুন ২০২১ সময়ে শেষ হয়েছে। প্রকল্পের মাধ্যমে মিনিবাস, ল্যপটপ, আসবাবপত্র ইত্যাদি একাডেমির প্রশিক্ষণের মান বৃদ্ধির জন্য ক্রয় করা হয়েছে। উল্লেখিত মালামাল একাডেমির প্রশিক্ষণ সহায়ক হিসাবে প্রতিনিয়ত ব্যবহার হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | প্রকল্পের মাধ্যমে ক্রয়তব্য মালামালসমূহ টিওএন্ডইভুক্ত করার জন্য প্রেরিত পত্রের আলোকে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্র.) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | [৩.১] শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ | শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ বিষয়ে সভায় আলোচনা হয়। সভাকে জানানো হয় যে লিফলেট কয়েকবার খসড়া দেখিয়ে চূড়ান্ত করার প্রক্রিয়া রয়েছে। চলমান বুনিয়াদি কোর্সগুলো শেষ হওয়ার পূর্বেই লিফলেট বিতরণ করতে হবে। | ক) ১০০০ কপি লিফলেট ছাপাতে হবে।<br>খ) লিফলেটসমূহ সকল কর্মকর্তা-কর্মচারী, আগত অতিথি, এনএপিডি এলামনাই সদস্য এবং প্রশিক্ষণার্থীদেরকে বিতরণ ও ই-মেইলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্র.), প্রশিক্ষক-২, সহকারী প্রোগ্রামার ও সকল কোর্স সমন্বয়ক |
| ০৮ | [৩.৩] দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে সেশন পরিচালনা | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশনে অন্তর্ভূক্ত হয়েছে। এবং এই ধরণের সেশন একাডেমিতে চলমান আছে বলে সভাকে অবহিত করা হয়। | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৯ | [৩.৫] শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা | শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। গত ১৭/০৮/২০২১ তারিখে ১ম শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা আয়োজন হয়েছিল মর্মে সভাকে অবহিত করা হয়। | আগামী ২৮/১২/২০২১ তারিখ বা নিকটবর্তী সময়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ২য় শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা আয়োজন করতে হবে।<br>এবং অবশিষ্ট ০২টি সভা আগামী মার্চ, ২০২২; ও জুন, ২০২২ তারিখ নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ | ক) একাডেমির আবাসিক এলাকায় কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়ি পার্কিং-এর স্থান নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>খ) ক্যাফেটেরিয়ায় সর্বদা পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং পরিচ্ছন্নতাকর্মীরা নিয়মিতভাবে নির্ধারিত কাজ করছে কিনা তা ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি ও প্রশাসন কর্তৃক নিয়মিত তদারকি করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ক্যাফেটেরিয়াতে বিদ্যমান রেজিস্টার-এ প্রশিক্ষণার্থীগণ কর্তৃক মন্তব্য লিপিবদ্ধ করার সুযোগ নিশ্চিতকরণের জন্য তা উন্মুক্ত জায়গায় রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>গ) প্রশিক্ষণ কোর্স চলাকালীন সময়ে ওয়াশরুম নির্দিষ্ট সময় পরপর পরিষ্কার করানো এবং এ বিষয়ে রেজিস্টার অনুসরণকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়ি নিজ উদ্যোগে পার্কিং এর ব্যবস্থা করতে হবে। দাপ্তরিক গাড়ি পার্কিং এর জন্য নির্ধারিত গ্যারেজে ব্যক্তিগত গাড়ি রাখা যাবে না। এবং সবুজ ঘাস বনায়নের জায়গায় গাড়ি পার্কিং করা যাবে না।<br><br>খ) পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরার জন্য ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি ও প্রশাসন নিয়মিত তদারকি করবেন। এবং ক্যাফেটেরিয়াতে বিদ্যমান রেজিস্টার মন্তব্য লিপিবদ্ধ করার জন্য উন্মুক্ত স্থানে রাখতে হবে।<br><br>গ) নির্দিষ্ট সময় পরপর ওয়াশরুম পরিষ্কার করতে হবে এবং একটি রেজিস্টার-এ পরিষ্কার করার তারিখ ও সময় লিপিবদ্ধ করতে হবে। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ-পরিচালক (প্র.)<br>খ) পরিচালক (প্রশাসন ও অর্থ),<br>সহকারী পরিচালক (প্রশাসন) এবং ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি<br><br>গ) সহকারী পরিচালক (প্রশাসন) ও কেয়ারটেকার |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৮৯

তারিখ: ১২ পৌষ ১৪২৮
২৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) কর্মকর্তা (সকল), এনএপিডি।

দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১